

বস্ত্রখাতে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে ব্রিটিশ আমলে ১৯১১ সাল হতে ১৯২৯ সালের মধ্যে সাবেক পূর্ববঙ্গে ৩৩টি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান ক্ষুদ্র আকারে চালু করা হয়। এই ৩৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য হতে নারিন্দাস্থ প্রতিষ্ঠানটি তেজগাঁও এ ১৯৫০ সালে স্থানান্তরিত হয় এবং ১৯৫৭ সালে এখানে প্রথম ডিপ্লোমা কোর্স চালু করা হয়। পরবর্তীতে ১৯৭৮ সালে এ প্রতিষ্ঠানে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা হয় এবং ২০১০ সালে এটি টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে উন্নীত হয়।

অপরদিকে ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত ৩৩ টি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য হতে বাকি ৩২টি প্রতিষ্ঠানের জেলা শহরে অবস্থিত ৫টি কে জেলা টেক্সটাইল ইনস্টিটিউট ও ২৭টি প্রতিষ্ঠান ভ্রাম্যমান বয়ন বিদ্যালয় নামে শিক্ষা কার্যক্রম চালু রাখে।

১৯৭৮ সালে শিল্প মন্ত্রণালয় ও শিল্প দপ্তর হতে নতুনভাবে বস্ত্র মন্ত্রণালয় ও বস্ত্র পরিদপ্তর সৃষ্টি হলে ২৭টি ভ্রাম্যমান বয়ন বিদ্যালয় ও ৫টি জেলা বয়ন বিদ্যালয় নিয়ে বস্ত্র পরিদপ্তর যাত্রা শুরু করে। ১৯৯৬ সালে বস্ত্র পরিদপ্তর একটি প্রকল্পের মাধ্যমে ২৭টি বয়ন বিদ্যালয়কে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট -এ উন্নীত করে, যার একটি বাগেরহাট জেলায় অবস্থিত বর্তমান টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, বাগেরহাট। উক্ত প্রতিষ্ঠানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২ বছর মেয়াদি এসএসসি (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স চালু রয়েছে, যা এসএসসি বিজ্ঞান সমমানের। যে কোনো ছাত্র ছাত্রী ৮ম শ্রেণী পাশের পর টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট বাগেরহাটে ৯ম শ্রেণীতে ভর্তি হতে পারবে।

টেক্সটাইল ভোকেশনাল শিক্ষায় শিক্ষিত একজন ছাত্রছাত্রীর টেক্সটাইল শিক্ষায় ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ ভর্তির সুযোগসহ যে কোনো কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির সুযোগ রয়েছে।